# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭০

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ مَوْلَى ثَقِيفٍ حَدَّثَنَا أَبُو عُمَرَ الدُّورِيُّ حَفْصُ بْنُ عُمَرَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
(مَفَاتِيحُ الْغَيْبِ خَمْسٌ: لَا يَعْلَمُ مَا تَضَعُ الْأَرْحَامُ أَحَدٌ إِلَّا اللَّهُ وَلَا يَعْلَمُ مَا فِي غَدٍ إِلَّا اللَّهُ وَلَا يَعْلَمُ مَتَى يَأْتِي الْمَطَرُ إِلَّا اللَّهُ وَلَا تَدْرِي نَفْسٌ [ص: 195] بأي أرض تموت ولايعلم متى تقوم الساعة)
□□ □□□□ □

[تعليق الشيخ الألباني]
صحيح ـ ((الصحيحة)) (2903): خ.
الحديث: 70 ¦ الجزء: 1 ¦ الصفحة: 194

বাংলা

ذِكْرُ عَدَدِ الْأَشْيَاءِ الَّتِي اسْتَأْثَرَ اللَّهُ تَعَالَى بِعِلْمِهَا دُونَ خَلْقِهِ

যে সকল বিষয়ের জ্ঞান আল্লাহ তা’আলা তাঁর কোন সৃষ্টিকে না দিয়ে একান্ত নিজের জন্য সংরক্ষণ করেছেন, সেই সকল বিষয়ের সংখ্যার বর্ণনাঃ

৭০. ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ’আলাইহি ওয়াসাল্লাম বলেন, গায়েব (অদৃশ্য)-এর চাবিকাঠি পাঁচটি, (যা আল্লাহ্ ব্যতীত কেউ জানে না)। তা হলোঃ মায়ের জরায়ুতে কী আছে, তা আল্লাহ্ ব্যতীত আর কেউ জানে না। আগামী দিন কী হবে, তা আল্লাহ্ ব্যতীত আর কেউ জানে না। বৃষ্টি কখন আসবে, তা আল্লাহ্ ব্যতীত আর কেউ জানে না। কোন ব্যক্তি জানে না তার মৃত্যু কোথায় হবে এবং ক্বিয়ামাত কবে সংঘটিত হবে, তা আল্লাহ্ ব্যতীত আর কেউ জানে না।[1]

## ফুটনোট

[1] আলবানী: সহীহ।
আরনাউত্ব: এ সনদে একজন দুর্বল রাবী হাফস ইবনু উমার আদ-দূরী রয়েছে। তবে তার মুতাবিয়াত রয়েছে যা সহীহ।
তাখরীজ: বাগাবী, শারহুস সুন্নাহ ১১৭০; বুখারী, ৪৬৯৭; ৭৩৭৯; আহমাদ ২/২৪, ৫২, ৫৮, ৮৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86969

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন